উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭- ৩০(৪০) তারিখ-০৯/০১/২০২২ খ্রিঃ।

## নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-১৩/০১/২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ টায় উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্ত।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বিষয়ক আলোচনা।
৪। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে।
৫। বিবিধ আলোচনা।

০৯/০২/2022
(ছন্দা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏-০৫৩২৫-৭৩০০৯

প্রাপকঃ ..................................................

..................................................
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭-দিনাজপুর-২ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
৫। অফিস কপি।

আসন্ন সভায় আগত জনপ্রতিনিধিগনের স্বাক্ষর। তাং-১৩/০১/২০২২
সময়:- ১১.০০

| ক্রমঃ | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব, খালিদ মাহমুদ চৌধুরী মাননীয় জাতীয় সংসদ সদস্য-৭ দিনাজপুর-২ ও নৌ পরিবহন প্রতিমন্ত্রী | | |
| ২/ | মোঃ জুলফিকার হোসেন, চেয়ারম্যান উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর। | | [signature] |
| ৩/ | মোঃ আসলাম, মেয়র সেতাবগঞ্জ পৌরসভা বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ৪/ | মোঃ নূর আলম শাহ ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ বোচাগঞ্জ দিনাজপুর | | [signature] |
| ৫/ | জনাব, পারুল রানী মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ৬/ | মোছাঃ আসমা বেগম সংরক্ষিত সদস্য | | [signature] |
| ৭/ | মোছাঃ [illegible] সংরক্ষিত | | |
| ৮/ | মোঃ শাহনেওয়াজ পারভেজ চেয়ারম্যান ১নং নাফানগর ইউপি বোচাগঞ্জ, | | [signature] |
| ৯/ | জনাব, উৎপল রায় (বুলু) চেয়ারম্যান ২নং ইশানিয়া ইউ.পি বোচাগঞ্জ, | | [signature] |
| ১০/ | মোঃ ওয়া[illegible] চেয়ারম্যান ৩নং মুশিদহাট ইউ.পি, বোচাগঞ্জ, | | [signature] |
| ১১/ | মোঃ নূরনবী চৌধুরী- চেয়ারম্যান ৪নং আটগাঁও ইউপি বোচাগঞ্জ, | | [signature] |
| ১২/ | মোঃ হাবিবুর রহমান চেয়ারম্যান ৫নং ছাতইল ইউ.পি, বোচাগঞ্জ, | | [signature] 13/01/2022 |
| ১৩/ | জনাব, প্রশান্ত চন্দ্র দেব শর্মা চেয়ারম্যান ৬নং রনগাঁও ইউ.পি বোচাগঞ্জ, দিনাজপুর. | | [signature] |

[illegible] মাসের মাসিক সাধারণ সভায় উপস্থিত কর্মকর্তাগনের স্বাক্ষর।
তাং-১৩/০১/২০২২
সময়:-১১.০০

| ক্রমঃ | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| | জনাব, চন্দ্রা পাল উপজেলা নির্বাহী অফিসার (বোচাগঞ্জ, দিনাজপুর. | | |
| ২ | ডাঃ আবুল কাশেম মোঃ সায়েমুজ্জামান উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর | | [signature] |
| ৩ | ডাঃ মোঃ আবুল হাসান উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | 01324289111 | [signature] |
| ৪ | মো: আরিফ আফজাল, কৃষি সম্প্রসারণ অফিসার পক্ষে উপজেলা কৃষি অফিসার | 01723585825 | [signature] |
| ৫ | মোঃ সাজ্জাদ হোসেন, উপজেলা শিক্ষা অফিসার, বোচাগঞ্জ. | 01731-536482 | [signature] |
| ৬ | মো: আতাউর রহমান উপজেলা প্রকৌশলী | 01716-578025 | [signature] |
| ৭ | মো: আসাদুজ্জামান নূর, পরিসংখ্যান কর্মকর্তা | 01723693459 | [signature] |
| ৮ | মোঃ গোলাম সাদেক উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01712049198 | [signature] |
| ৯ | মোঃ মোমিন হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | [illegible] | [signature] |
| ১০ | মো: কামাল হোসেন- প্রতিনিধি, উ: মা: বি: ক: কা: | 01719822407 | [signature] |
| ১১ | মো: [illegible] আলম, প্রতিনিধি, উপ: সমবায় অফি: | [illegible] | [signature] |
| ১২. | মো: মজিবুর রহমান PIO | | [signature] |
| ১৩. | মোঃ মাহমুদ হাসান, উপজেলা যুব উ: কর্মকর্তা | 01712147981 | [signature] |
| ১৪ | সবুজ চন্দ্র রায়, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | 01712676649 | [signature] |
| ১৫. | ডা. মোছাঃ তানজিমা আলম, UFPO (in-charge) | 01737908719 | [signature] 13/01/22 |
| ১৬ | মো: মাহমুদুর রহমান, ওসি-বোচাগঞ্জ | 0132013852[illegible] | [signature] 13.1.22 |

উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর জানুয়ারি/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তরিখ ঃ ১৩/০১/২০২২ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.০০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা 'খ' এবং উপজেলা পরিষদদের ১৭টি কমিটির পুনঃগঠন কাঠামো পরিশিষ্ট 'গ' তে দেখানো হলো।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সকল সদস্যগণকে শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানান। সভায় চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়সহ সকল কর্মকর্তা-কর্মচারী ও ইউপি চেয়ারম্যানগণকে শুভেচ্ছা অভিনন্দন জানান। তিনি পরস্পরের সহযোগিতায় একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং সম্মানীত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়কে সভা শুরু করার অনুমতি প্রদানের জন্য অনুরোধ করেন।

সভার শুরুতে জনাব এ্যাডভোকেট মোঃ জুলফিকার হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অদ্যকার সভার সভাপতি সকল সদস্যগণকে আন্তরিক শুভেচ্ছা জানান । তিনি পরিষদের ন্যস্ত দপ্তর ও অন্যান্য দপ্তরসমূহকে জনগণকে সেবা দেওয়া ও একত্রে কাজ করার আহ্বান জানান। অতপর সভাপতি সভারকার্য পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুরকে অনুরোধ জানান উপজেলা নির্বাহী অফিসার সকল সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | <u>গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ</u><br>গত-২২/১২/২০২১ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ১৩/০১/২০২২ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করা হলো। | গত-২২/১১/২০২১ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ১৩/০১/২০২২ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | সভায় উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ। |
| ০৩. | <u>উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সম্পর্কিত আলোচনা ঃ</u><br>সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভাসমূহের কার্যক্রম নিয়মিত সভা করার জন্য দপ্তর প্রধানগণকে ও উপজেলা পরিষদকে কার্যকর করার লক্ষে ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সকলের দৃষ্টি আর্কষণ করেন। তিনি আরও জানান যে, ভাইস চেয়ারম্যান এঁর অফিস রুম ও টয়লেট পুনঃ মেরামত করা জরুরি হয়েছে পরেছে এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) এঁর অফিস রুমের দরজা জরুরিভাবে পুনঃ মেরামত করার প্রস্তাব রাখেন। | বিস্তারিত আলোচনান্তে ১৭টি গঠিত স্থায়ী কমিটির নিয়মিত সভা করা এবং অফিস রুম ও দরজা পুনঃ মেরামত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি। |

<u>উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ</u>

| | | | |
|---|---|---|---|
| ০৪. | <u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ</u> ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর ডিসেম্বর/২০২১ মাসের সম্মানী ভাতা=৯৪,০০০/- টাকা। ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসের ভ্রমন ভাতা বিল (১মাস×১৫,৭৫০)=১৫,৭৫০/-টাক। ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর নভেম্বর/২০২১ খ্রিঃ হতে ডিসেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত ভ্রমন ভাতা বিল (২ মাস × ১২,৬০০) =২৫,২০০/-টাকা। ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর নভেম্বর/২০২১ খ্রিঃ হতে ডিসেম্বর/২০২১ খ্রিঃ পর্যন্ত ভ্রমন ভাতা বিল (২ মাস ×১২,৬০০) =২৫,২০০/- টাকা। ৫। উপজেলা পরিষদ কার্যালয়ের আইসিটি টেকনিশিয়ান এর ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (৩০ দিন×৫৫০)=১৬,৫০০/-টাকা। ৬। উপজেলা পরিষদ কার্যালয়ের মালী এর ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (৩০দিন×৫৫০) =১৬,৫০০/-টাকা। ৭। উপজেলা পরিষদ কার্যালয়ের সুইপার/পরিচ্ছন্নকর্মী এর ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (৩০দিন×৫৫০)=১৬,৫০০/-টাকা। ৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অফিস আপ্যায়ন বাবদ ব্যয় | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | ডিসেম্বর/২০২১ খ্রিঃ মাসের=৩৮,০০০/-টাকা । ৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় অফিস আনুসাঙ্গীক বাবদ ব্যয় নভেম্বর/২০২১ খ্রিঃ মাসের=৫,০০০/- টাকা। ১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে 'অফিস সরঞ্জাম খাত' হতে উপজেলা পরিষদ কার্যালয়ের আইপিএস ক্রয় বাবদ ব্যয়=২৫,০০০/-টাকা। উপজেলা পরিষদ চত্তরে মেইন পানির লাইন মেরামত বাবদ ব্যয়=২৫,০০০/-টাকা। উপজেলা পরিষদ সভা কক্ষে রং করন, ফ্যান ক্রয় ও জানালা দরজার পর্দা ক্রয় বাবদ ব্যয়=৫৫,৪৮৬/-টাকা। | | |
| ০৫. | <u>উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ</u> উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সভায় উপস্থাপিত প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ,উপজেলা প্রকৌশলীকে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ,দিনাজপুর। |

<u>চলমান স্কীমসমূহঃ</u>

| ক্রঃ নং- | প্রকল্পের নাম | মোট প্রকল্প সংখ্যা | অসমাপ্ত | সমাপ্ত | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | উপজেলা সম্প্রসারিত কমপ্লেক্স ভবন ও হলরুম নির্মান | ০১ | ০১ | - | ৫০% | |
| ০২। | আরসিআইপি প্রকল্পের আওতায় সেতাবগঞ্জ সুগারমিল হতে নাওয়াডিটা হাট ভতে মাহেরপুরহাট জিসি পর্যন্ত রাস্তা মেরামত কাজ। | ০১ | ০১ | - | ৫০% | |
| ০৩। | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় বড় ধরনের মেরামত (২০১৯-২০২০)। | ৫ | - | ০৫ | ১০০% | |
| ০৪। | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় পুনঃ নির্মাণ (২০১৯-২০২০)। | ১০ | ১০ | - | ১০০% | |
| ০৫। | চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিঃ উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়ে) এর আওতায় সীমানা প্রাচীর ও গেট নির্মাণ (২০২০-২০২১) | ২ | ২ | - | ৮০% | |
| ০৬। | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় সীমানা প্রাচীর ও গেট নির্মাণ (২০১৯-২০২০)। | ৫ | ৫ | | ১০০% | |
| ০৭। | "নর্দান জাইকা" (NoBIDEP) প্রকল্পের আওতায়। | ০৪ | - | ০৪ | ১০০% | |
| ০৮। | বৃহত্তর রংপুর বিভাগীয় প্রকল্প (RDRIIP)(২০১৭-২০১৮) | ২১ | - | ২১ | ১০০% | |
| ০৯। | বৃহত্তর রংপুর বিভাগীয় প্রকল্প (RDRIIP-2) | ১৫ | ০২ | ১৩ | ৮৫% | |
| ১০। | অগ্রাধিকার ভিত্তিতে পল্লী উন্নয়ন প্রকল্প-২ (IRIDP-3)। | ০৪ | ০২ | ০২ | ৫০% | |
| ১১। | উপজেলা মুক্তিযোদ্ধা ভবন মির্মাণ প্রকল্প। | ০১ | - | ০১ | ১০০% | |
| ১২। | উপজেলা ভুমি অফিস উন্নয়ন। | ০২ | - | ০২ | ১০০% | |
| ১৩। | উপজেলা শহর (নন মিউনিসপাল) প্রকল্পের আওতায় | ০২ | - | ০২ | ১০০% | |
| ১৪। | সিআরএমআইডিপি প্রকল্পের আওতায় গোপেন সাহার হাট উন্নয়ন | ০১ | ০১ | | ৬০% | |
| ১৫। | বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) (২০২০-২১) | ৭৬ | - | ৭৬ | ১০০% | |
| ১৬। | সোয়ানদীর উপর ৬০.০০ মিটার দীর্ঘ ব্রীজ নির্মান (CBU)। | ০১ | ০১ | - | ৫০% | |

উপরোক্ত প্রকল্পের কার্যক্রমগুলি স্বাভাবিক ভাবে চলমান।

| | | | |
|---|---|---|---|
| ০৬. ওকে | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান বোচাগঞ্জে করোনা রুগীর সংখ্যা ৬৯১ জন। এপর্যন্ত কোভিট-১৯ টিকার ১ম ডোজ প্রদান করা হয়েছে ৭৪১১৯ জনকে ও ২য় ডোজ প্রদান করা হয়েছে ৩৫৬১৮ জনকে। ২০ নভেম্বর থেকে জেলা পরিষদ মিলনায়তন দিনাজপুর HSC পরীক্ষার্থীদের ফাইজারের টিকা প্রদান করা হবে। জনগনের দোড়গোড়ায় করোনা ভ্যাকসিন পৌছে দেবার নিমিত্তে ৮ ও ৯ নভেম্বর বোচাগঞ্জের ২২টি কমিউনিটি ক্লিনিকে আমরা ১৫১৯৭ জনকে কোভিট-১৯ ১ম ডোজ টিকা প্রদান করেছি। সামনের দিনগুলোতে সরকারী নির্দেশনা মেনে টিকা প্রদান অব্যাহত থাকবে। করোনা সংক্রমন যেন বৃদ্ধি না পায় সেজন্য সকলকে মাস্ক পরা ও সাবান দিয়ে হাত ধোয়া এবং স্যানিটাইজার ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৭. ওকে | <u>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২১ মাসে পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্ন চকে উল্লেখ করা হলো। নভেম্বর/২০২১ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৪,৭২৩ জন, গ্রহনকারী=২৮,৬৩০ জন সি.এ.আর ৮২.৪৫% গর্ভবতী সংখ্যা=১,১১৬ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধীকার বিত্তিক জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৬. ওকে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান বোচাগঞ্জে করোনা রুগীর সংখ্যা ৬৯১ জন। এপর্যন্ত কোভিট-১৯ টিকার ১ম ডোজ প্রদান করা হয়েছে ৭৪১১৯ জনকে ও ২য় ডোজ প্রদান করা হয়েছে ৩৫৬১৮ জনকে। ২০ নভেম্বর থেকে জেলা পরিষদ মিলনায়তন দিনাজপুর HSC পরীক্ষার্থীদের ফাইজারের টিকা প্রদান করা হবে। জনগনের দোড়গোড়ায় করোনা ভ্যাকসিন পৌছে দেবার নিমিত্তে ৮ ও ৯ নভেম্বর বোচাগঞ্জের ২২টি কমিউনিটি ক্লিনিকে আমরা ১৫১৯৭ জনকে কোভিট-১৯ ১ম ডোজ টিকা প্রদান করেছি। সামনের দিনগুলোতে সরকারী নির্দেশনা মেনে টিকা প্রদান অব্যাহত থাকবে। করোনা সংক্রমন যেন বৃদ্ধি না পায় সেজন্য সকলকে মাস্ক পরা ও সাবান দিয়ে হাত ধোয়া এবং স্যানিটাইজার ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৬. ওকে | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান বোচাগঞ্জে করোনা রুগীর সংখ্যা ৬৯১ জন। এপর্যন্ত কোভিট-১৯ টিকার ১ম ডোজ প্রদান করা হয়েছে ৭৪১১৯ জনকে ও ২য় ডোজ প্রদান করা হয়েছে ৩৫৬১৮ জনকে। ২০ নভেম্বর থেকে জেলা পরিষদ মিলনায়তন দিনাজপুর HSC পরীক্ষার্থীদের ফাইজারের টিকা প্রদান করা হবে। জনগনের দোড়গোড়ায় করোনা ভ্যাকসিন পৌছে দেবার নিমিত্তে ৮ ও ৯ নভেম্বর বোচাগঞ্জের ২২টি কমিউনিটি ক্লিনিকে আমরা ১৫১৯৭ জনকে কোভিট-১৯ ১ম ডোজ টিকা প্রদান করেছি। সামনের দিনগুলোতে সরকারী নির্দেশনা মেনে টিকা প্রদান অব্যাহত থাকবে। করোনা সংক্রমন যেন বৃদ্ধি না পায় সেজন্য সকলকে মাস্ক পরা ও সাবান দিয়ে হাত ধোয়া এবং স্যানিটাইজার ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৭. ওকে | **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২১ মাসে পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্ন চকে উল্লেখ করা হলো। নভেম্বর/২০২১ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৪,৭২৩ জন, গ্রহনকারী=২৮,৬৩০ জন সি.এ.আর ৮২.৪৫% গর্ভবতী সংখ্যা=১,১১৬ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রথীকার বিত্তিক জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রঃনং | পদ্ধতির নাম | সেবা গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | ০২ জন | |
| ০২. | আইইউডি | ১০ জন | |
| ০৩. | ইমপ্লান্ট | ৪৩ জন | |
| ০৪. | খাবার বড়ি (সুখী/আপন) | ৭৮৮ জন | |
| ০৫. | কনডম | ২৮ জন | |
| ০৬. | ইনজেকশন | ১৬০ জন | |
| ০৭. | গর্ভকালীন সেবা | ৫৩৭ জন | |
| ০৮. | ডেলিভারী সেবা | ১৪০ জন | |
| ০৯. | প্রসবোত্তর সেবা | ১৯৫ জন | |
| ১০. | শিশু সেবা (০-৫৯) | ৪৬৩ জন | |
| ১১. | সাধারন রোগী সেবা (পুরুষ+মহিলা) | ২,৯০৫ জন | |
| ১২. | পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) | ১,৯৫৯ জন | |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | **উপজেলা কৃষি দপ্তরঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে রোপা আমন রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। রাজস্ব খাতের আওতায় ২০টি এবং রংপুর বিভাগ কৃষি ও গ্রামীন উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪টি রোপা আমন প্রদর্শনী বাস্তবায়িত হচ্ছে। এছাড়া আধুনিক প্রযুক্তি মাধ্যমে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় ০৪টি রোপা আমন ধানের বীজ উৎপাদন প্রদর্শনী বাস্তবায়িত হচ্ছে।<br>'অনাবদি পতিত জমি ও বসত বাড়ির আঙ্গিনায় পুষ্টি বাগান স্থাপন' প্রকল্পের আওতায় ১২টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।<br>বর্তমানে মাঠে দন্ডায়মান রোপাআমন ধান রক্ষায় কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন চলছে। নির্ধারিত মূল্যে কৃষকদের দোড় গোড়ায় বীজ ও রাসায়নিক সার সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ পাক্ষিক অগ্রিম ভ্রমণ সূচীর মাধ্যমে এবং সার্বক্ষনিকভাবে ইউনিয়ন পরিষদে পালাক্রমে অবস্থান করে কৃষক ভাইদের প্রয়োজনীয় কৃষি সেবা ও পরামর্শ প্রদান করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা যথাযথ ভাবে প্রয়োগ ও নির্ধারিত মূল্যে কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার সরবরাহ করা এবং বাজারজাত করণের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক বীজ বিশুদ্ধতা কার্যক্রম চলমান রয়েছে। তীব্র শীতে বোরো বীজতলা, গোলআলুসহ অন্যান্য রবি ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে ব্যাপক প্রচারণা অব্যাহত রাখার জন্য উঠান বৈঠকের মাধ্যমে কৃষক ভাইদের প্রয়োজনীয় কৃষি সেবা ও পরামর্শ দেওয়ার জন্য উপ সহকারী কৃষি কর্মকর্তাগনকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৯. ওকে | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিজিডি কার্যক্রমঃ অত্র উপজেলার ৬টি ইউনিয়নের ২০২০-২০২১ অর্থ বছরের (জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিজিডি সংখ্যা ২,২৫৮ জন বরাদ্দ পাওয়া গেছে। ডাটা এন্ট্রির এবং অনুমোদন কাজ সম্পন্ন করা হয়েছে। ডিসেম্বর/২০২১ মাসের ভিজিডি খাদ্যশস্য বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>২। দরিদ্র মা'র জন্য মার্তত্বকাল ভাতা প্রদান কর্মসচীর আওতায় অত্র উপজেলায় ২০২০-২০২১ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ৫০×৬=৩০০ জনের জনের বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগী মহিলার ডাটা এন্ট্রির কাজ এবং ব্যাংক হিসাব খোলার কাজ সম্পন্ন করা হয়েছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের প্রতিটি ইউনিয়নে ১০×৬=৬০ জনের বরাদ্দ পাওয়া গেছে। সর্ব মোট=৮৬৪ জন ভাতাভোগীর কার্যক্রম চলমান | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক, কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |

(চলমান পাতা-৩-)

| | | | |
|---|---|---|---|
| | রয়েছে। ৩। ২০২০-২০২১ অর্থ বছরের কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসুচীর আওতায় ২৬ জননের বরাদ্দ পাওয়া গেছে এবং ভাতভোগী নির্বাচনের কাজ সমাপ্ত হয়েছে। ভাতাভোগীর ব্যাংক হিসাব খোলা সমাপ্ত হয়েছে। এপর্যন্ত সর্ব মোট ৫০০ জন ভাতাভোগীর কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ঃ ২০২০-২০২১ অর্থ বছরে অক্টোবর/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই দর্জিবিজ্ঞাণ বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের কাজ চলমান রয়েছে। ৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যয়ে মহিলাদের জন্য আয়বর্দ্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্প ০২ (দুই) টি ট্রেডে অক্টোবর/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষাণার্থীর প্রশিক্ষণ কাজ চলমান রয়েছে।<br>৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট=৭টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।<br>ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১০. | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরঃ<br>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, নিম্নক্ত ছকের মাধ্যমে অত্র দপ্তরের কার্যক্রম তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রঃনং | প্রকল্প/কর্মসূচীর নাম | সমিতি/দল | তহবিল প্রাপ্তি | প্রবৃদ্ধি | মোট তহবিল | ক্রমঃঋণ বিতরণ | ক্রমপুঞ্জিত আদায় | মাঠে বকেয়া | আদায় হার | খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | আবর্তক ঋণ কর্মসূচী | ৩৪ | ৫৭.৬৫ | ৫.৩০ | ৬২.৯৫ | ২৬০.৩৩ | ২০৫.৯৪ | ৫৪.৩৯ | ১০০% | .৩৬ |
| ২ | সদাবিক প্রকল্প | ৭৩ | ৭৩.৫০ | ৫.৩২ | ৭৮.৮২ | ২৬৪.৫৪ | ১৮৮.৪১ | ৭৬.১৩ | ৭৬% | ৫৮.৫৫ |
| ৩ | পল্লী প্রগতি কর্মসূচী | ২৬ | ৩৫.৪৫ | ০.৮৬ | ৩৬.৩১ | ১০৩.০৭ | ৬৪.১২ | ৩৮.৯৫ | ৬৩% | ৩২.১২ |
| ৪ | বীর মুক্তিযোদ্ধা কর্মসূচী | - | ৪.১৮ | ০.৩১ | ৪.৪৯ | ৯.০৬ | ৫.৬৪ | ৩.৪২ | ৭৫% | ১.৮৯ |
| ৫ | কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচী | - | ৩৮.৫০ | - | ৩৮.৫০ | ৩৮.৫০ | - | ৩৮.৫০ | ০% | - |
| ৬ | অপ্রধান শস্য প্রকল্প | ২২ | ২৫.০০ | ০.০৪ | ২৫.০৪ | ২০.৪৯ | ৯.৬১ | ১০.৮৮ | ১০০% | - |
| | সর্বমোট= | ১৫৫ | ২৩৪.২৮ | ১১.৮৩ | ২৪৬.১১ | ৬৯৫.৯৯ | ৪৭৩.৭২ | ২২২.২৭ | ৮৩% | ৯২.৯২ |

প্রকল্পের নামঃ পিআরডিপি-৩

| ইউনিয়নের নাম | ভিডিসি গঠন | | | | ইউসিসিএম | | | | প্রশিক্ষন অনুষ্ঠান | | | | ভিডিসি স্কীম বাস্তবায়ন | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত | বিগত (বছরে) | লক্ষ্যমাত্রা (বছরে) | অর্জন (বছরে) | ক্রমপঞ্জিত |
| ১ নং নাফানগর | ১১ | ৩ | ৪ | ১৪ | ১৮ | ১২ | ৮ | ২৬ | ৫১০ জন | ৯০জন | ৬০জন | ৫৭০জন | ৮ | ৪ | ২ | ১০টি |
| ৩ নং মুশিদহাট | ১৪ | ৩ | ৩ | ১৭ | ২৯ | ১২ | ৮ | ৩৭ | ৫৭০জন | ৯০জন | ৬০জন | ৬৩০জন | ১৪ | ৪ | ২ | ১৬টি |
| ৬ নং রনগাঁও | ৯ | ৩ | ১ | ১০ | ১৭ | ০৯ | ৫ | ২২ | ৬০০জন | ৯০জন | ৬০জন | ৬৬০জন | ১০ | ৫ | - | ১০টি |
| সর্বমোট | ৩৪ | ৯ | ৮ | ৪১ | ৬৪ | ৩৩ | ২১ | ৮৫ | ১৬৮০জন | ২৭০জন | ১৮০জন | ১৮৬০জন | ৩২ | ১৩ | ৪ | ৩৬টি |

| | | | |
|---|---|---|---|
| ১২. | উপজেলা বন দপ্তরঃ উপজেলা বন কর্মকর্তা জানান যে, ১। বোচাগঞ্জ উপজেলায় সংরক্ষিত বনভূমির পরিমান ১৮৪.৯৮ একর। ২। সামাজিক বনায়নের আওতায় সৃজিত স্ট্রিপ বাগানের পরিমাণ=৯৭.০০ কিঃ মিঃ। ৩। বোচাগঞ্জ উপজেলায় মোট ২১ টি করাত কল রহিয়াছে। তনমধ্যে ২০ টি করাত কলের লাইসেন্স আছে এবং ১ টি প্রক্রিয়াধীন। ৪। বৃক্ষরোপন প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২১ সংক্রান্ত ব্যক্তিমালিকানাধীন ০৩(তিন) টি নার্সারির আবেদনপত্র পাওয়া গেছে। ৫। শীতকালে অতিথি আগমন ঘটে। অবৈধভাবে পাখি ধরা, শিকার ও ক্রয়-বিক্রয় বন্ধে সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো। ৬। বোচাগঞ্জ উপজেলায় ২০১৭-২০১৮ সনে মোট ২১.০০ বাগানের মধ্যে আর্টগাঁও সত্যমানডাঙ্গী হয়ে হরিপুর ও পুলহাট পর্যন্ত নদী খনন কাজে ১৫.০০ কিঃমিঃ বাগানের চারাগাছ নষ্ট হয়।<br>উপজেল পরিষদ চত্তরে মাধ্যমিক শিক্ষা অফিসারের নতুন ভবন নির্মানের লক্ষে ছোট বড় বিভিন্ন প্রজাতির মোট ১৭ টি গাছ কর্তনের জন্য সভায় উস্থাপন করেন।<br>সেতাবগঞ্জ সরকারী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের কম্পিউটার ল্যাবের সামনে ৭টি মেহগুনি গাছ কর্তনের মিমিত্তে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>বর্তমানে দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলমান রহিয়াছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা বন কর্মকর্তাকে যথাযথ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৩. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ উপজেলা সনস্বস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। জনস্বাস্থ্য প্রকৌশণ অধিদপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর (সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প) এর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দকৃত ইউনিয়ন প্রতি ২৬টি হিসাবে মোট ১৫৬টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকুপ এর কাজ চলমান রয়েছে।<br>২। জিপিএস ও এনএনজিপিএস প্রকল্পের আওতায় বোচাগঞ্জ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে ১০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ নপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |

(চলমান পাতা-৪)

| | | | |
|---|---|---|---|
| ১৪. | উপজেলা সমাজসেবা দপ্তরঃ উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ পিয়ারুল ইসলাম সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ পিয়ারুল ইসলাম সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রত্যাশী ও ভাতা প্রাপ্তির যোগ্য শতভাগ ব্যক্তির নিকট হতে বয়স্ক ভাতাভোগীর ক্ষেত্রে বয়স পুরুষ ন্যূনতম ৬৫ এবং মহিলা ন্যূনতম ৬২ বছর আবশ্যিকভাবে অনলাইনে আবেদন গত ১০/০৯/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত দাখিলকৃত নামের তালিকা বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা প্রাপ্তির যোগ্যদের নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভায় প্রেরণ করা হয়েছে এবং ইউনিয়ন কমিটি হতে নির্বাচিত তালিকা পাওয়া যায়। সেমতে ২৩/০৯/২০২১ তারিখে উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটিতে অনুমোদনের জন্য সভা আহবান করা হয়েছে।<br>(২) নীতিমালা অনুযায়ী ভাতাভোগীদের ভাতা সংশ্লিষ্ট জেলা স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তমোতাবেক প্রতিমাসে মৃত ভাতাভোগীর পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করার জন্য নামের তালিকা এবং মৃত্যুর সনদ প্রদানের জন্য মেয়র/ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানান। (৩) অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির ভাতা ও শিক্ষা উপবৃত্তির তথ্য এমআইএস করা হচ্ছে। এখনও যারা এমআইএস-এ ডাটা অবশিষ্ট আছে তাদের ভাতা বহি, জাতীয় পরিচয়পত্র ও নিজস্ব মোবাইল নম্বরসহ উপজেলা সমাজসেবা অফিসে পাঠানোর জন্য মেয়র/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ করেন।<br>(৪) পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ঋণ আদায় ও বিনিয়োগ এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে।<br>(৫) আশ্রয়ণ প্রকল্পের ( মুরারীপুর মুক্তিযোদ্ধা আবাসন) ঋণ আদায় সন্তোষজনক না হওয়ায় উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, দিনাজপুর মহোদয় পত্র প্রেরণ করেছেন বিধায় সভায় অবহিত করেন এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান মহোদয়কে এ ব্যাপারে সহযোগীতার আহবান জানান।<br>(৬) ২০২১-২০২২ অর্থবছরে ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত ৮টি বেসরকারী এতিমখানায় নিবাসীদের জন্য পৌর মেয়র/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান প্রদত্ত প্রত্যয়নপত্র সংরক্ষণ ও বিল সংক্রান্ত চাহিত তথ্যাবলী প্রদানের জন্য সংশ্লিষ্ট এতিমখানার সভাপতি/সম্পাদকগণকে পত্র দেওয়ার পরও অদ্যাবধি জমা না করেননি এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>(৭) ২০২১-২০২২ অর্থবছরে প্রতিবন্ধীদের ভাতা প্রদানের জন্য অতিরিক্ত বরাদ্দ পাওয়া যায়। সেমতে বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা প্রাপ্তির যোগ্যদের নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভায় প্রেরণ করা হয়েছে এবং ২৩/০৯/২০২১ তারিখে উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটিতে অনুমোদনের জন্য সভা আহবান করা হয়েছে। প্রতিবন্ধীদের জরিপ কাজ চলমান আছে।<br>(৮) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার/ কিডনী/ লিভার সিরোসিস/স্ট্রোকে প্যারালাইজড/ জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তার জন্য অনুদানের আবেদন গ্রহন চলমান আছে।<br>(৯) রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, বোচাগঞ্জ, দিনাজপুরের তহবিল হতে সেপ্টেম্বর,২০২১ মাসে ৪৩২৭০/- টাকা ব্যয় হয়েছে এবং অসহায় রোগীকে ঔষধ প্রদানের জন্য সহায়তা কার্যক্রম চলমান আছে।<br>(১০) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২১-২০২২ অর্থবছরে অনুদান প্রদান সংক্রান্ত ৩টি আবেদন পাওয়া যায় এবং উপজেলা সমাজল্যাণ কমিটিতে অনুমোদনের জন্য ২৩/০৯/২০২১ তারিখে সভা আহবান করা হয়েছে।<br>(ক) ভিক্ষা বৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচীর আওতায় দোকান তৈরী করে মালামাল প্রদানের জন্য ০২ জনের বরাদ্দ পাওয়া যায় এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং উপজেলা সমাজল্যাণ কমিটিতে অনুমোদনের জন্য ২৩/০৯/২০২১ তারিখে সভা আহবান করা হয়েছে।<br>(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভূক্ত পরিবারের জীবনমান উন্নয়নের লক্ষ্যে এককালীন অনুদান ১১ জন ও কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মাঝে এককালীন অনুদান ১১ জনের বরাদ্দ পাওয়া যায় এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>(গ) প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন খাতে অনুদান প্রদান করা হবে এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>(ঘ) কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে গরিব,দুঃস্থ অসহায়, কর্মহীন ও প্রতিবন্ধীদের মাঝে খাদ্য/আর্থিক সহায়তা প্রদান করা হবে এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>(ঙ) আকস্মিক দৈব দূর্বিপাক/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তি/পরিবারকে তাদের আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তা; সড়ক/নৌ/রেল/বিমান দূর্ঘটনায় মারাত্মক দরিদ্র ব্যক্তি/পরিবারকে আর্থিক সহায়তা; অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত দরিদ্র ব্যক্তির চিকিৎসা সহায়তা; অগ্নিদগ্ধ/এসিড দগ্ধ দরিদ্র ব্যক্তির চিকিৎসা সহায়তা প্রদান; দুরারোগ্য ও জটিল রোগে | সভায় বিস্তারিত আলোচনান্তে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা রংপুর বিভাগে নগদ এর মাধ্যমে ও শিক্ষা উপবৃত্তি বিতরণের জন্য হিসাবখোলার কার্যক্রম চলছে। প্রয়োজনীয় কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পাতা-৫)

| | | | |
|---|---|---|---|
| | আক্রান্তের চিকিৎসা সহায়তা; অতিদরিদ্র পরিবারের মেধাবী ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার জন্য সহায়তা প্রদান করা হবে বিধায় পৌরসভা/ইউনিয়নে ব্যাপক প্রচারের মাধ্যমে উপযুক্ত ব্যক্তির বার্ষিক আয়ের প্রত্যয়ন, মোবাইল নম্বরসহ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী নামের তালিকা আগামী ২৬/০৮/২০২১খ্রিঃ তারিখের মধ্যে এ কার্যালয়ে জমাদানের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন এবং উপজেলা সমাজল্যাণ কমিটিতে অনুমোদনের জন্য ২৩/০৯/২০২১ তারিখে সভা আহবান করা হয়েছে। | | |
| ১৫. | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রানিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল বোচাগঞ্জ, দিনাজপুর এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। পি পি আর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রন প্রকল্পের আওতায় ৮০,০০০ (আশি হাজার) ছাগল ও ভেড়াকে পি পি আর রোগের টিকা প্রদান সর্ম্পন্ন হয়েছে। এছারাও প্রানিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় আগামী ১৬ই ফেব্রুয়ারি/২০২২ তারিখে প্রানিসম্পদ প্রদর্শনী/২০২২ এর আয়োজন করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় প্রাণিসম্পদ দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৬. | উপজেলা মৎস্য দপ্তরঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব খাতের অর্থায়নে বোচাগঞ্জ উপজেলার ০৩(তিন) টি অভয়াশ্রম সংস্কার করা হয়েছে। অভয়াশ্রম তিনটি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণে সকলের সহযোগীতা কামনা করা হয় এবং নদীতে অবৈধ ভাবে ঝোপ ঝাড় দিয়ে মাছ যেন কেউ ধরতে না পারে এজন্য ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যান বৃন্দদের সহযোগীতা কামনা করা হয়। এ ছাড়া দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র বোচাগঞ্জ উপজেলার মৎস্য দপ্তরের সকল কার্যক্রম বাস্তাবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৭. | উপজেলা সমবায় দপ্তরঃ ১। সমবায় সমিতি সংক্রান্তঃ অত্র উপজেলায় ফেব্রুয়ারি/২০ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১১৬টি। সমিতি গুলো সরকারি কোন প্রকার ঋণ/অনদান ছাড়ায় ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেরস্ব অর্থায়নে ৪২ জন বেকার যুবক/যুবতিকে কর্মী হিসাবে নিয়োগ দেয়া হয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, এত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৮. | উপজেলা শিক্ষা দপ্তরঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আগামী ১২ তারিখে বিদ্যালয়গুলো খুলবে। সে আলোকে বিদ্যালয়গুলো পরিস্কার পরিচ্ছন্ন করা হচ্ছে। স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য শিক্ষার্থীদের পরামর্শা দেওয়া হবে। হেন্ড সেনিটাইজার ও হাত ধুয়ার সাবান পানির ব্যবস্থা রাখা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, কোভিট-১৯ এর কারনে বিদ্যালয়গুলো বন্ধ ছিল। বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের মাক্স পরিধান ব্যাপারে পরামর্শ প্রদান করা হচ্ছে। স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য শিক্ষার্থীদের পরামর্শা দেওয়া হচ্ছে। হেন্ড সেনিটাইজার ও হাত ধুয়ার সাবান পানির ব্যবস্থা রাখা হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |
| ২০. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও আবাসিক প্রকৌশলী নেসকো লিঃ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২১. বিবিধ (ক) | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এঁর ব্যবহৃত পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ-১১-০০৫৫ এর জ্বালানী খরচ বাবদ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা হতে বরাদ্দ সাপেক্ষে জ্বালানী খরচ বাবদ ব্যয় হত। পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ-১১-০০৫৫ জ্বালানী খরচ ব্যয়ের জন্য গত-১০ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখের ৫১২ নং স্মারকে ২০২১-২০২২ অর্থ বছর থেকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের নির্দেশনা পাওয়া গেছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ-১১-০০৫৫ এর জ্বালানী খরচ/ব্যয় উপজেলা পরিষদ ,রাজস্ব তহবিল হতে সর্ব মোট=৭৪,৭৪৬/-(চুয়াত্তর হাজার সাতশত ছেচল্লিশ) টাকা | উপজেলা পরিষ বোচাগঞ্জ, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের পাজারো জীপ গাড়ীর জ্বালানী খরচ/বাবদ তুলাই ফিলিং ষ্টেশন, বোচাগঞ্জ, দিনাজপুর কর্তৃক অক্টোবর২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ৫% ভ্যাট ব্যতিত নীট=৭১,১৮৭/-টাকা ৫% ভ্যাটসহ সর্ব মোট=৭৪,৭৪৬/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | ব্যয় নির্বাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২১. বিবিধ (খ) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র উপজেলার ০৬টি ইউনিয়নের ১৪২৯ বাংলা সনের মোট ১৯টি হাট-বাজার ইজারা প্রদানের লক্ষ্যে বহুল প্রচারের জন্য ২টি পত্রিকর মাধ্যমে প্রকাশ করা হয়। উক্ত পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ১৪২৯ বাংলা সনের মোট ১৯টি হাট-বাজার ইজারা প্রদানের লক্ষ্যে বহুল প্রচারের জন্য ২টি পত্রিকার মোট=(৩৩,১২০ +৩০,৩৯৬)=৬৩,৫১৬/- (তেষট্রি হাজার পাঁচশত ষোলো) টাকা ব্যয় নির্বাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২১. বিবিধ (গ) | ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিষদের পুনঃ পরবর্তিত আইন-২০০৯ এবং সংশোধিত আইন-২০১১ মোতাবেক ১৭টি উপজেলা পরিষদের স্থায়ী কমিটির ২বছর ৬মাস মেয়াদ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। তাই বোচাগঞ্জ উপজেলা পরিষদের গঠিত ১৭টি স্থায়ী কমিটির পুনঃ অনুমোদন প্রয়োজন। তাছাড়া স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত নির্দেশনা ও গাইড লাইন মোতাবেক ১৭টি স্থায়ী কমিটি পুনঃগঠন ও পুনঃঅনুমোদন করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, পরবর্তী ২বছর ৬মাস মেয়াদের জন্য বোচাগঞ্জ উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির পুনঃগঠন ও পুনঃঅনুমোদন করা হয়। উপজেলা পরিষদের ১৭টি দপ্তরে দপ্তর প্রধানগনকে নিয়মিত ভাবে সভা আয়োজন করে কার্যবিবরণী ও প্রয়োজনীয় তথ্য উপজেলা পরিষদে দাখিল করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২১. বিবিধ (ঘ) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র উপজেলা কার্যালয়, উপজেলা পরিষদ পানির পাম্প, চেয়ারম্যান বাস ভবন, উপজেলা পরিষদ হল রুম, ২০২১-২০২২ অর্থ বছরের পৌরকর এবং ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর বাবদ বলি এর সম্পুন্ন বকেলা বিদ্যুৎ বিল পরিষদ করার জন্য সভায় আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলা পরিষদ কার্যালয় এর সকল প্রকার বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২১. বিবিধ (ঙ) | সভায় উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে এক অর্থ বছরে সর্বচ্চ ৫০,০০০/-টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ কার্যালয়ে ডিজিটাল সেন্টারের ২টি ল্যাপটপ মেরামত ও কম্পিউটারে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় এর জন জনাব রুপন কুমার সরকার, আইসিটি টেকনিসিয়ান, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুর গত-১১/০১/২০২২ খ্রিঃ তারিখে আবেদন করেছেন। আবেদনপত্রটি সভায় বিস্তারিত আলোচনা হয় এবং জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় গ্রহণ করার জন্য করার জন্য সভায় প্রস্তাব রাখেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ কার্যালয়ে ডিজিটাল সেন্টারের ২টি ল্যাপটপ মেরামত ও কম্পিউটারে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |

পজেলা নির্বাহী অফিসার সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের ওপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভাপতি মহোদয়কে সভা সমাপ্তি ঘোষণার জন্য অনুরোধ করেন।

অত্র সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ জুলফিকার হোসেন, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর অত্র উপজেলাবাসীর কল্যাণে ও দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক একনিষ্ঠভাবে জনগণের কাজ করার আহ্বান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০১/২০২২

(মোঃ জুলফিকার হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
মোবাইলঃ-০১৭১১-০০০২৬২।
ফোন ঃ ০৫৩২৫-৭৩৪০০।

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৫২(৪০)

তারিখ ঃ ১৩/০১/২০২২ খ্রিঃ।

ক্রঃনং **অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। মাননীয় সংসদ সদস্য,৭-দিনাজপুর-২ উপদেষ্টা, উপজেলা পরিষদ ও প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৬। মেয়র, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৮। ভাইস চেয়ারম্যান (মহিলা),উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর।
৯। উপজেলা.................................................................................কর্মকর্তা,বোচাগঞ্জ,দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর।
১১। চেয়ারম্যান........................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
১২। রুপন কুমার সরকার, আইসিটি টেকনিশিয়ান, উপজেলা পরিষদ কার্যালয়, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। অফিস কপি।

13/01/2022
(ছন্দা পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏০৫৩২৫-৭৩০০৯
unobochaganj@mopa.gov.bd